দৈনিক ইত্তেফাক

তারিখ 04 JUL 1996
পৃষ্ঠা ৩ কলাম ৫

37

# যশোর বোর্ডে গত বছরের আড়াই হাজার এইচএসসি পরীক্ষার্থীকে শাস্তি প্রদান

ঝিনাইদহ সংবাদদাতা ।। যশোর বোর্ডের অধীন গতবছর (১৯৯৫) অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও পরীক্ষর বিধি বহির্ভুত কার্যক্রমের দায়ে বোর্ড কর্তৃপক্ষ মোট ২ হাজার ৫ শত ১০ জন ছাত্র-ছাত্রীকে শাস্তি প্রদান করিয়াছেন।

উচ্চ মাধ্যমিক পরীক্ষা পরিচালনার দায়িত্বে নিয়োজিত কক্ষ পরিদর্শক ও কর্মকর্তাগণের দাখিলকৃত গোপন প্রতিবেদন, অন্যান্য কাগজ-পত্র, উত্তরপত্র এবং কারণ দর্শাইবার নোটিসের জবাব বোর্ডের শৃংখলা কমিটি পুংখানুপুংখভাবে পরীক্ষা-নিরীক্ষা ও বিচার-বিবেচনার পর যাঁহাদের বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয় তাহাদের শাস্তি প্রদান করা হইয়াছে। দুই দফায় বিচার-বিবেচনার পর এই সাজা প্রদান করা হয়। প্রথম দফায় গত ৪ঠা জানুয়ারী বোর্ডের এক সার্কুলারে এক হাজার ৩২৩ জনকে সাজা দেওয়া হয়। তাহাদের শুধুমাত্র '৯৫ সালের পরীক্ষা বাতিল

( ৭ম পৃঃ দ্রঃ )

## যশোর বোর্ড

(৩য় পৃঃ পর)

করা হয়। তাহারা চলতি এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাইতেছে।

গত ২৩শে এপ্রিল বোর্ডের শৃংখলা কমিটির দ্বিতীয় সভায় আরও এক হাজার ১৮৭ জনকে সাজা প্রদান করা হয়। গত ২২শে জুন বোর্ডের এক সার্কুলারে বোর্ডের অধীন সকল কলেজকে সাজাপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের পরীক্ষার রোল নম্বর জানাইয়া দেওয়া হয়। তন্মধ্যে ১০১১ জনের '৯৫ সালের পরীক্ষা বাতিলসহ '৯৬ সালের পরীক্ষায় অংশগ্রহণ, ১৬১ জনের '৯৫ সালের পরীক্ষা বাতিলসহ '৯৬ এবং '৯৭ সালের পরীক্ষায় অংশগ্রহণ ১৫ জনকে '৯৫ সালের পরীক্ষা বাতিলসহ '৯৬, '৯৭ ও '৯৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে। শৃংখলা কমিটি ৪ জন ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাহাদের '৯৫ সালের পরীক্ষার ফল প্রকাশের সুপারিশ করে।